



হতদরিদ্র থেকে শুরু করে উচ্চবিত্তের আবাস হয়ে ওঠা রাজধানী ঢাকা ক্রমেই ব্যয়বহুল হয়ে উঠছে। বাড়ছে টিকে থাকার লড়াই। ছবি : লুৎফর রহমান

# দক্ষিণ এশিয়ায় সবচেয়ে ব্যয়বহুল শহর ঢাকা

বাণিজ্য ডেস্ক >

জীবনযাত্রার ব্যয়ে বিশ্ব মধ্যমানের শহর ঢাকা। তবে দক্ষিণ এশিয়ার দেশগুলোর মধ্যে সবচেয়ে ব্যয়বহুল বাংলাদেশের ঘনবসতিপূর্ণ এ রাজধানী। সম্প্রতি কন্স্ট্রাক্শন বা জীবনযাত্রার ব্যয় জরিপ ২০১৭ প্রকাশ করেছে ইকোনমিস্ট ইন্টেলিজেন্স ইউনিট। এতে বিশ্বের ১৩০টি শহরের মধ্যে ৬২তম স্থানে উঠে এসেছে ঢাকা।

তালিকায় দক্ষিণ এশিয়ার শহরগুলোর মধ্যে এগিয়ে থেকে সবচেয়ে ব্যয়বহুল হিসেবে খেতাব পেয়েছে ঢাকা। এর বিপরীতে ভারতের শহরগুলো সবচেয়ে সস্তা হিসেবে তালিকায় উঠে এসেছে। জরিপে উঠে আসা দক্ষিণ এশিয়ার আটটি শহরের মধ্যে ১০৮তম স্থানে রয়েছে শ্রীলঙ্কার রাজধানী কলম্বো। এটি দক্ষিণ এশিয়ায় দ্বিতীয় ব্যয়বহুল শহর। ১১৬তম স্থানে রয়েছে নেপালের রাজধানী কাঠমান্ডু। এ ছাড়া ভারতের রাজধানী নয়াদিল্লি রয়েছে ১২৪তম, চেন্নাই ১২৭তম, মুম্বাই ১২৭তম, পাকিস্তানের করাচি ১৩০তম এবং ভারতের

The Economist Intelligence Unit

ইকোনমিস্ট ইন্টেলিজেন্স  
ইউনিটের জরিপ

বেঙ্গালুরু ১৩১তম স্থানে রয়েছে। এবারের জরিপে বিশ্বের সবচেয়ে ব্যয়বহুল শহর হিসেবে টানা চার বছর শীর্ষস্থান ধরে রাখল সিঙ্গাপুর। বিশ্বের ১৩৩টি শহরের ওপর পরিচালিত এ জরিপে প্রতিটি শহরের ১৬০টি পণ্য ও সেবার দাম বিবেচনায় নিয়ে তালিকা করা হয়।

যেসব পণ্য ও সেবার ব্যয় হিসাব করা হয়েছে এর মধ্যে রয়েছে খাদ্য, পানীয়, পোশাক, পুস্থালি পণ্য, প্রসাধন পণ্য, বাসা ভাড়া, পরিবহন খরচ,

ইউটিলিটি বিল, স্কুল খরচ, বিনোদন খরচ ইত্যাদি। এতে দেখা যায়, সিঙ্গাপুর ২০ শতাংশ বেশি ব্যয়বহুল আমেরিকার নিউ ইয়র্ক থেকে এবং হংকং থেকে ৫ শতাংশ ব্যয়বহুল শহর। তালিকায় সবচেয়ে ব্যয়বহুল ১০টি শহর হচ্ছে প্রথম সিঙ্গাপুর, দ্বিতীয় হংকং, তৃতীয় সুইজারল্যান্ডের জুরিখ, চতুর্থ জাপানের টোকিও, পঞ্চম জাপানের ওসাকা, ষষ্ঠ দক্ষিণ কোরিয়ার সিউল, সপ্তম স্থানে রয়েছে দুটি শহর সুইজারল্যান্ডের জেনেভা ও ফ্রান্সের প্যারিস। নবম স্থানে রয়েছে দুটি শহর যুক্তরাষ্ট্রের নিউ ইয়র্ক এবং ডেনমার্কের কোপেনহেগেন।

সবচেয়ে সস্তা শহরের তালিকায় শীর্ষে রয়েছে কাজাখস্তানের আলমাতি, দ্বিতীয় নাইজেরিয়ার লাগোস, তৃতীয় ভারতের বেঙ্গালুরু, চতুর্থ পাকিস্তানের করাচি, পঞ্চম স্থানে রয়েছে তিনটি শহর, আলজেরিয়ার আলজিয়াঁর্স, ভারতের চেন্নাই ও মুম্বাই। অষ্টম স্থানে রয়েছে তিনটি শহর ইউক্রেনের কিয়িভ, রোমানিয়ার বুচারেস্ট এবং ভারতের নয়াদিল্লি।